

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪০৮৯
সোনামুড়া, ০৭ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০
নলছড় ব্লকে বিকাশ শিবির

প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে সম্প্রতি নলছড় ব্লকের আমতলী বাজারে দু'দিনব্যাপী প্রশাসনিক ও বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে সোনামুড়া মহকুমা প্রশাসন থেকে ২৭টি ইনকাম, ৩৮টি পিআরটিসি, ৩২টি এসসি, ২টি এসটি, ১৫টি ওবিসি ও ২টি ম্যারেজ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। বনদপ্তর থেকে ১৪০ জন সুবিধাভোগীকে অর্থকরি ও ঔষধি গাছের চারা দেওয়া হয়। শিবিরে সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে ৮ জন প্রসূতি ও গর্ভবতী মাকে পুষ্টিকর খাবারের কিট দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ১৬৫ জন রোগীর চিকিৎসা করে প্রয়োজনীয় ঔষধ দেওয়া হয়। শিবিরে ৮৬ জনের রক্ত পরীক্ষা করা হয়। ৯ জনের চক্ষু পরীক্ষা করে চশমা দেওয়া হয়। তাছাড়াও ৩৫ জনকে হেল্থ আইডি আভা কার্ড ও ৭৫ জনকে আয়ুস্মান ভারত কার্ড দেওয়া হয়েছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে ৩৫ জন প্রাণীপালককে গবাদি প্রাণীর রোগ প্রতিরোধক ঔষধ দেওয়া হয়েছে।
